**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

**ডিএফআইএম সার্কুলার নং-১০**

**তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০**
**২০ আগস্ট ২০২৩**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।**

প্রিয় মহোদয়,

**জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ/লীজ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।**

জাহাজ শিল্পের টেকসই উন্নয়ন, রপ্তানি আয় ও কর্মসংস্থান বৃদ্ধি এবং আমদানি নির্ভরতা ক্রমান্বয়ে কমিয়ে এনে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্য সামনে রেখে সরকার "জাহাজ নির্মাণ শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১" প্রণয়ন করেছে। তবে, নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী ক্ষতিগ্রস্ত শিল্প প্রতিষ্ঠানের নগদ প্রবাহ বিরূপভাবে প্রভাবিত হওয়ায় কোন কোন ক্ষেত্রে যথাসময়ে কিস্তি পরিশোধ করা সম্ভব হচ্ছে না মর্মে জানা গিয়েছে। এরূপ পরিস্থিতিতে দীর্ঘদিনের অনাদায়ী ঋণ আদায় ও শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ক্ষতিগ্রস্ত গ্রাহকের ঋণ পরিশোধ প্রক্রিয়া সহজীকরণ করার আবশ্যকতা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে, ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী ও স্থানীয় জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের আবেদন পর্যালোচনাপূর্বক প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নিম্নরূপ সুবিধা প্রদান করা যেতে পারে–

ক) আলোচ্য খাতে ৩০ জুন ২০২৩ ভিত্তিক বিদ্যমান ঋণ/লীজ/বিনিয়োগ স্থিতির সুদ এবং আসল পৃথককরতঃ ২টি হিসাব সৃষ্টি করতে হবে;
খ) সুদ বাবদ স্থিতি সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তর করতে হবে এবং আসল বাবদ পাওনার উপর আর্থিক প্রতিষ্ঠান প্রচলিত নিয়মানুযায়ী সুদ আরোপ করতে পারবে;
গ) ২ বছরের গ্রেস পিরিয়ডসহ মোট ১০ বছরে আদায়যোগ্য ধরে আলোচ্য ঋণ/লীজ/বিনিয়োগ পুনঃতফসিল করা যাবে;
ঘ) গ্রেস পিরিয়ড সমাপনান্তে প্রথমে আসল আদায় করতে হবে। অতঃপর ব্লক হিসাবে রক্ষিত সুদ আদায় করবে। তবে কোন গ্রাহক ইচ্ছা করলে গ্রেস পিরিয়ডের মধ্যেও আসল এবং সুদ বাবদ পাওনা অর্থ পরিশোধ করতে পারবে;
ঙ) এ সুবিধা প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ২.৫০ শতাংশ ডাউনপেমেন্ট আদায় করতে হবে;
চ) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণ/লীজ/বিনিয়োগ এর ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত সুবিধা কার্যকর হবে না;
ছ) নির্ধারিত সময়ের মধ্যে আসল ও সুদ বাবদ পাওনা অর্থ আদায়ে ব্যর্থ হলে আর্থিক প্রতিষ্ঠান প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণপূর্বক ঋণ/লীজ/বিনিয়োগ আদায় করবে;
জ) এ সার্কুলার জারির তারিখ হতে ৯০ দিনের মধ্যে ডাউনপেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ জমাদানপূর্বক গ্রাহক আবেদন করতে পারবে; এবং
ঝ) ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির তারিখ হতে ৬০ দিনের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে গ্রাহকের আবেদন নিষ্পত্তি করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


**(মোঃ আমির উদ্দিন)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।